Fax No. : 880-2-9551072
Grams : AUTHORITY
Phones : 9556151-55
: 9555042
: 9552039
: 9552027

মুজিব শতবর্ষ MUJIB 100

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

**www.biwta.gov.bd**

বি,আই,ডব্লিউ,টি,এ ভবন
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
পোষ্ট বক্স ৭৬, ঢাকা-১০০০
বাংলাদেশ।

BIWTA BHABAN
141-143, MOTIJHEEL C/A,
POST BOX 76, DHAKA-1000
BANGLADESH

তারিখ ঃ ০৮/০৩/২০২০

নথি নং-১৮.১১.০০০০.০৩৩.৩৪.০০৩.১৫/৮৭৫

**বিষয় ঃ মেসার্স রুপসা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস-কে অত্র কর্তৃপক্ষে কালো তালিকাভূক্ত করণ প্রসঙ্গে।**

**সূত্র ঃ দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার নথি নং-০০.০১.০০০০.৫০২.০১.০৯৩.১৯।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকার “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষাঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ন জিওবি অর্থায়নে মোট ৮৪৮.৫৫ কোটি (আটশত আটচল্লিশ কোটি পঞ্চান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য সর্বনিম্ন দরদাতা মেসার্স রুপসা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এর অনুকূলে Notification of Award ইস্যু করা হয়। একই ধারাবাহিকতায় গত ১৫/০৪/২০১৯ খ্রিঃ তারিখ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এবং মেসার্স রুপসা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এর মধ্যে চুক্তি সম্পাদতি হয়। অতঃপর বর্ণিত কাজটি চলমান অবস্থায় সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক e-Tender এর দরপত্রের সাথে ভুয়া/জাল কাগজপত্র দাখিল করার বিষয়টি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ অবগত হলে গত ১১/০৭/২০১৯ খ্রিঃ তারিখ প্রকল্প অফিস হতে ব্যাংক গ্যারান্টি ও সংশ্লিষ্ট অভিজ্ঞতা সনদ পুনরায় যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। পুনঃযাচাইয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দখিলকৃত ব্যাংক গ্যারান্টি সঠিক পাওয়া গেলেও অভিজ্ঞতা সনদের সঠিকতা পাওয়া যায়নি। বর্ণিত প্রেক্ষাপটে বিআইডব্লিউটিএ এর আইন উপদেষ্টার মতামত নিয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রুপসা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস বরাবর চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এর স্বাক্ষরে চুক্তি বাতিলের চূড়ান্ত নোটিশ প্রদান করা হয়।

এমতাবস্থায়, দরপত্রে ভূয়া/জাল কাগজপত্র দাখিল করায় মেসার্স রুপসা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস নামক ঠিকাদারী প্রতিষ্ঠানকে অত্র কর্তৃপক্ষ হতে কালো তালিকাভূক্ত করা হলো।

স্বাঃ/-
(মোঃ সিরাজুল ইসলাম ভূঁঞা)
উপ-পরিচালক (প্রশাসন)
বিআইডব্লিউটিএ

মেসার্স রুপসা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস
বাসা-২২/১, রোড নং-গগন বাবু রোড
পোঃ খুলনা সিটি কর্পোরেশন-৯১০০
খুলনা সদর
খুলনা।

অনুলিপি ঃ (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা ।
০২। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগ, বাঅনৌপক, ঢাকা ।
০৩। প্রধান প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বাঅনৌপক, ঢাকা ।
০৪। পরিচালক, হিসাব বিভাগ, বাঅনৌপক, ঢাকা ।
০৫। পরিচালক, অর্থ বিভাগ, বাঅনৌপক, ঢাকা ।
০৬। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বাঅনৌপক, ঢাকা ।
০৭। পরিচালক, আইসিটি বিভাগ, বাঅনৌপক, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করুন)।
০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা ।
০৯। সদস্য (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাঅনৌপক, ঢাকা ।
১০। সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাঅনৌপক, ঢাকা ।
১১। সদস্য (প্রকৌশল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাঅনৌপক, ঢাকা ।
১২। ব্যক্তিগত সহকারী, সচিব মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা ।
১৩। দপ্তর কপি।

উপ-পরিচালক (প্রশাসন)
বিআইডব্লিউটিএ